সমকাল

তারিখ ..26 APR 2015 ...
পৃষ্ঠা ২৪ ... কলাম ... ৬ ...

## বিদেশে উচ্চশিক্ষা

# বৃত্তি নিয়ে পড়াশোনা

জাবেদ ইকবাল

আয়ারল্যান্ডে তো বটেই, বিশ্বের অনেক দেশের নামকরা বিশ্ববিদ্যালয়ের মধ্যে এটি সব দিক দিয়ে বড় বিশ্ববিদ্যালয় কলেজ। এ বিশ্ববিদ্যালয়টি আয়ারল্যান্ডের রাজধানী ডাবলিনে প্রতিষ্ঠিত হয়েছে। বর্তমানে এটি আয়ারল্যান্ডের একটি সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ এবং ওই দেশের পুরনো বড় বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ইউনিভার্সিটি কলেজ অব ডাবলিনের অবস্থান দ্বিতীয়। তবে শুরুতে এ বিশ্ববিদ্যালয়ের নাম ছিল ক্যাথেলিক ইউনিভার্সিটি অব আয়ারল্যান্ড। এটি প্রতিষ্ঠিত হয় ১৮৫৪ খ্রিস্টাব্দে। জন হেনরি নিউম্যান ১৮৮০ খ্রিস্টাব্দে এ বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব নেওয়ার পর থেকেই বিশ্ববিদ্যালয়টি উন্নতি লাভ করতে থাকে এবং এর সুনাম ছড়িয়ে পড়ে বিশ্বময়। উচ্চ মাধ্যমিক থেকে শুরু করে স্নাতক ও স্নাতকোত্তর সম্পন্ন করা যায় এ বিশ্ববিদ্যালয় থেকে। বিভিন্ন বিষয়ের ওপর গবেষণার জন্যও এ বিশ্ববিদ্যালয়টি অনন্য। ইউনিভার্সিটি কলেজ অব ডাবলিনের তত্ত্বাবধানে পরিচালিত হয় মোট পাঁচটি কলেজ, ৩৪টি স্কুল এবং ১৮টি গবেষণা প্রাতিষ্ঠান। সাধারণত কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক ও স্নাতক কোর্স সম্পন্ন করা যায়। ইউনিভার্সিটি কলেজ অব ডাবলিনের অধীন যেসব কলেজ ও স্কুল রয়েছে, সেগুলোর নাম হলো– কলেজ অব আর্টস অ্যান্ড সেলটিক স্টাডিজ, স্কুল অব আর্কিওলজি, স্কুল অব আর্ট হিস্টরি অ্যান্ড কালচারাল পলিসি, স্কুল অব ক্লাসিকস, স্কুল অব ইংলিশ, ড্রামা অ্যান্ড ফিল্ম, স্কুল অব হিস্টরি অ্যান্ড আর্চিভস, স্কুল অব আইরিশ, সেলটিক স্টাডিজ, আইরিশ ফোকলোর অ্যান্ড লিঙ্গুয়েস্টিকস, স্কুল অব ল্যাঙ্গুয়েজেস অ্যান্ড লিটারেচারস, স্কুল অব মিউজিক, কলেজ অব বিজনেস অ্যান্ড ল, স্কুল অব বিজনেস, স্কুল অব ল, কলেজ অব ইঞ্জিনিয়ারিং, ম্যাথমেটিক্যাল অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস, স্কুল অব



আর্টিটেকচার, ল্যান্ডস্কেপ অ্যান্ড সিভিল ইঞ্জিনিয়ারিং, স্কুল অব কেমিক্যাল অ্যান্ড বায়োপ্রসেসেস ইঞ্জিনিয়ারিং, স্কুল অব কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেটিকস, স্কুল অব ইলেকট্রিকালসহ আরও বিভিন্ন স্কুল। এ ছাড়াও আছে অসংখ্য গবেষণা সেন্টার। আছে প্রকাশনা সংস্থা। বিশ্ববিদ্যালয় কলেজটির গ্রন্থাগারও বিশাল। আছে বৃত্তি নিয়ে পড়ার সুযোগ। বিস্তারিত তথ্য সংগ্রহ করতে বিশ্ববিদ্যালয়টির নিজস্ব ওয়েবসাইট: www.ucd.ie